# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৮৪

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রামাযানের উদ্দেশ্য শা’বানের চাঁদের গণনা।

باب مَا جَاءَ فِي إِحْصَاءِ هِلاَلِ شَعْبَانَ لِرَمَضَانَ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ حَجَّاجٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَحْصُوا هِلاَلَ شَعْبَانَ لِرَمَضَانَ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ لاَ نَعْرِفُهُ مِثْلَ هَذَا إِلاَّ مِنْ حَدِيثِ أَبِي مُعَاوِيَةَ . وَالصَّحِيحُ مَا رُوِيَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ تَقَدَّمُوا شَهْرَ رَمَضَانَ بِيَوْمٍ وَلاَ يَوْمَيْنِ " . وَهَكَذَا رُوِيَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوُ حَدِيثِ مُحَمَّدِ بْنِ عَمْرٍو اللَّيْثِيِّ .

বাংলা

৬৮৪. মুসলিম ইবনু হাজ্জাজ (রহঃ) ...... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন। তোমরা রামাযানের উদ্দেশ্য শা’বানের চাঁদের হিসাব রাখবে। - সহিহাহ ৫৬৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৮৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ মুআবিয়ার সূত্র ছাড়া অন্য কোন সূত্রে আবূ হুরায়রা (রাঃ) এর হাদিসটি এরূপভাবে বর্ণিত হয়েছে বলে আমাদের জানা নাই। সহীহ রিওয়ায়াত হল, মুহাম্মদ ইবনু আমর আবূ সালামা, আবূ হুরায়রা (রাঃ) সূত্রে বর্ণিত আছে যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ তোমরা রামাযান মাসকে একদিন বা দুইদিন এগিয়ে নিয়ে আসবে না। ইয়াহইয়া ইবনু আবূ কাসীর, আবূ সালামা, আবূ হুরায়রা (রাঃ) সূত্রে মুহাম্মদ ইবনু আমর লায়সী-এর রিওয়ায়াতে অনুরূপ হাদিস বর্ণিত আছে।

## English

Abu Hurairah narrated that :

the Messenger of Allah said: "Count the (the appearances of) the crescent of Sha'ban for Ramadan."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17873

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন